



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৮.২২.৩১৫

তারিখ: ০৯ ফাল্গুন ১৪২৯
২২ ফেব্রুয়ারি ২০২৩

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
হিসাব ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: চলতি ২০২২-২৩ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৬০০) অধীনে 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে এককালীন অর্থ অবমুক্তি।

মাননীয় সংসদ সদস্য, জনাব মুহাঃ ইমাজ উদ্দিন প্রাং, ৪৯ নওগাঁ-৪, সদস্য, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি এর আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে চলতি ২০২২-২৩ অর্থ বছরের এডিপি'র আওতায় 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে (কোড নং-২২১০০০৬০০) 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে জেলা পরিষদ, নওগাঁ এর অনুকূলে ১০.০০ লক্ষ (দশ লক্ষ) টাকা অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

ক্র:	প্রকল্পের নাম	বরাদ্দকৃত অর্থ	জেলা পরিষদ
১.	নওগাঁ জেলার মান্দা উপজেলাধীন বৈদ্যপুর উচ্চ বিদ্যালয় মেরামত	১০.০০ লক্ষ (দশ লক্ষ) টাকা	জেলা পরিষদ নওগাঁ

২। এ ব্যয় চলতি ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/৪১১১৩১৭ 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ০৪ আগস্ট ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৩৫৪ নং স্মারক, ১৩ ডিসেম্বর ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৪৭১ নং স্মারক এবং ০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৩৫ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:

(১) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

(২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এই অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/নির্বাহী কর্মকর্তা এ মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

২২/০২/২৩

মোহাম্মদ সামছুল হক
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮

ই-মেইল: lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৮.২২.৩১৫/১(২০)

তারিখ: ০৯ ফাল্গুন ১৪২৯
২২ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. মাননীয় সংসদ সদস্য, জনাব মুহাঃ ইমাজ উদ্দিন প্রাং, ৪৯ নওগাঁ-৪, বাংলাদেশ জাতীয় সংসদ।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দ. আ. উপসচিব (বাজেট-১১ অধিশাখা))
৩. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ
৯. চেয়ারম্যান, জেলা পরিষদ, নওগাঁ
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ
১১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নওগাঁ জেলা
১৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-(এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

২২/০২/২৩

মোহাম্মদ সামছুল হক
উপসচিব



Dewan Md. Abdus Samad
Joint Secretary

Govt. of the People's Republic of Bangladesh
Ministry of Liberation War Affairs

Tel : +88-02-9550875
Mobile : +88-01784-399002
E-mail : dmasamad66@gmail.com
Web side : www.molwa.gov.bd

মুহাঃ ইমাজ উদ্দিন প্রাং
সংসদ সদস্য
৪৯ নওগাঁ-৪
সদস্য, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ

স্মারক নং - বা.জ.৮

বিষয় - নওগাঁ জেলার মান্দা উপজেলার বৈদ্যপুর উচ্চ বিদ্যালয়ের সংস্কার কাজে সহায় বরাদ্দ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম।

আপনার গতিশীল নেতৃত্বে আমাদের পল্লীর জনপদের সরকারের উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এবং জনগণের প্রশংসা অর্জন করতে সক্ষম হচ্ছে। আপনার সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আমার নির্বাচনী এলাকায় অবস্থিত বৈদ্যপুর উচ্চ বিদ্যালয় ২নং ভালাইন ইউনিয়ন উপজেলা মান্দা জেলা নওগাঁর একটি সুনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানে বহুসংখ্যক ছাত্র-ছাত্রী লেখাপড়া করছে। প্রতিষ্ঠানটি সরকারের শিক্ষা ও অন্যান্য কার্যক্রমে অতঃপ্রোত ভাবে জড়িত রয়েছে। প্রতিষ্ঠানের বর্তমান সরকারের বিভিন্ন কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই যে, এই প্রতিষ্ঠানটি গত ২৫/০৯/২০২২ খ্রি: তারিখে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং সাতটি শ্রেণী কক্ষ সম্পূর্ণরূপে পুড়ে গেছে। এতে প্রায় আনুমানিক ১৫ লক্ষ টাকার অধিক ক্ষতিগ্রস্ত হয়েছে। এই ক্ষতিগ্রস্ত বিদ্যালয়টি মেরামতের জন্য স্থানীয়ভাবে কোন তহবিল নেই। এই পল্লী জনপদে অবস্থিত বিদ্যালয়টি মেরামত করে শিক্ষা উপযোগি শ্রেণী কক্ষ নির্মাণের জন্য আপনার একান্ত সহযোগিতা কামনা করছি।

এমতাবস্থায় উক্ত বিদ্যালয়টি মেরামতের জন্য আপনার উন্নয়নমূলক তহবিল হতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা বরাদ্দ দেওয়ার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি।

ডায়েরী নং... ৬৯
তারিখ: ০২/০২/২০২৩
উপসচিব
জেলা পরিষদ অধিশাখা

ডায়েরী নং... ২৫০
তারিখ: ০৭/০২/২৩
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন
ও সমবায় মন্ত্রণালয়
(মন্ত্রীর দপ্তর)

জনাব মোঃ তাজুল ইসলাম
মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়
ঢাকা বাংলাদেশ।

ধন্যবাদান্তে

মুহাঃ ইমাজ উদ্দিন প্রাং
সংসদ সদস্য
৪৯ নওগাঁ-৪
সদস্য, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

১) অতিরিক্ত সচিব	৬) প্রশাসন
২) মহাপরিচালক	৭) নগর উন্নয়ন
৩) যুগ্মসচিব	৮) উন্নয়ন
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)	৯) পানি সরবরাহ (পাস)
	১০) উপজেলা অধিশাখা
	১১) ইউপি অধিশাখা
	১২) অডিট অধিশাখা
	১৩) আইন অধিশাখা

ডায়েরী নং :
তারিখ: ০৭/০২/২৩

ডায়েরী নং... ২২৫
তারিখ: ০৭/০২/২৩
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমবায় ও কাউন্সিল/জেপ)

অতি: যুগ্ম সচিব-প্রশাসন/উপজেলা/অডিট
তারিখ: ০৭/০২/২৩
অতিরিক্ত সচিব (প্রশাসন)